



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

'কৃষি ভবন'

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা ১০০০।

(অডিট বিভাগ)

[www.badc.gov.bd](http://www.badc.gov.bd)

স্মারক নং- ১২.২৩৩.০৬.০৪.০১.৪৭৩.২০১৭- ১৭৭৪

তারিখ- ০৮ নভেম্বর, ২০১৭খ্রি:

(সকল বিভাগ/প্রকল্প প্রধান)

বিএডিসি, ঢাকা।

বিষয়:- ডিলারশীপ নবায়ন ফি, ডিলার কমিশন এবং গুদাম, স্থাপনা, খালি জায়গা ভাড়ার উপর ভ্যাট ও উৎসে আয়কর কর্তণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিককালে ডিলারশীপ নবায়ন ফি, ডিলার কমিশন এবং গুদাম, স্থাপনা, খালি জায়গা ভাড়া ইত্যাদির উপর ভ্যাট ও উৎসে আয়কর সংক্রান্ত অডিট আপত্তি বারংবার উত্থাপিত হচ্ছে। আপনার আওতাধীন দপ্তরসমূহে উৎসে ভ্যাট ও আয়কর কর্তণ সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডের নিয়োক্ত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। **বিষয়টি অতি গুরুত্বপূর্ণ।**

ক। ডিলারশীপ নবায়ন ফি:- সাধারণ আদেশ নং- ১৪/মুসক/২০১৭ তাং-০১ জুলাই ২০১৭ এর অনুচ্ছেদ ০৪ এ উল্লিখিত বিধি ১৮(ঙ) অনুযায়ী VAT এবং ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ধারা 52 (A) এর সর্বশেষ সংশোধনী অনুযায়ী আয়কর প্রযোজ্য।

খ। ডিলার কমিশন ইত্যাদি:- সাধারণ আদেশ নং- ১৪/মুসক/২০১৭ তাং-০১ জুলাই ২০১৭ এর অনুচ্ছেদ ০৪ এ উল্লিখিত বিধি ১৮(ঙ) অনুযায়ী VAT এবং ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ধারা 53(E) এর সর্বশেষ সংশোধনী অনুযায়ী আয়কর প্রযোজ্য।

গ। গুদাম, স্থাপনা, খালি জায়গা ভাড়া:- সাধারণ আদেশ নং- ১৪/মুসক/২০১৭ তাং-০১ জুলাই ২০১৭ এর অনুচ্ছেদ ৭(গ) ও Service Code 74 অনুযায়ী VAT এবং ১৯৮৪ সালের আয়কর অধ্যাদেশের ধারা (53A) ও (53J) এর সর্বশেষ সংশোধনী অনুযায়ী আয়কর প্রযোজ্য।

বিশেষভাবে উল্লেখ্য, উৎসে ভ্যাট কর্তণের হার জানার জন্য NBR এর General Order(সাধারণ আদেশ) এবং উৎসে আয়করের হার ও আয়কর সংক্রান্ত সর্বশেষ সংশোধনী জানার জন্য প্রতি অর্থবছরের আয়কর পরিপত্র দ্রষ্টব্য। NBR Website এ Home Page এর A to Z Index এ ভ্যাট সংক্রান্ত General Order(সাধারণ আদেশ) ও আয়কর পরিপত্র পাওয়া যাবে।

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)

নিয়ন্ত্রক (অডিট) অতি:দা:

বিএডিসি, ঢাকা।

ফোন: ৯৫৫২৫৫২।

অবগতি ও প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্যে বিতরণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
২. সদস্য পরিচালক (অর্থ/সার ব্যবস্থাপনা/ক্ষুদ্রোচ্চ/বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৩. সচিব, বিএডিসি, ঢাকা।
৪. প্রধান, আইসিটি সেল; ডিমেসনগেটে সরকারের জন্য।